# প্রতিযোগিতা সাময়িকী

Bangladesh Competition Commission

বর্ষ ৪ । সংখ্যা ১৪ । অক্টোবর-ডিসেম্বর ২০২৩ । ১৬ আশ্বিন ১৪৩০-১৬ পৌষ ১৪৩০



প্রতিযোগিতায় প্রবৃদ্ধি

## শেখ রাসেলের জন্মদিন উপলক্ষে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের শ্রদ্ধাঞ্জলি

‘শেখ রাসেল দীপ্তিময়, নির্ভীক নির্মল দুর্জয়’ প্রতিপাদ্য নিয়ে বিগত ১৮ অক্টোবর ২০২৩ তারিখে তৃতীয় বারের মতো নানা আয়োজনের মধ্য দিয়ে জাতীয়ভাবে ‘শেখ রাসেল দিবস-২০২৩’ পালিত হয়। তার অংশ হিসেবে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের উদ্যোগে কমিশন কার্যালয়ে দোয়া মাহফিল ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব এর কনিষ্ঠ পুত্র শেখ রাসেল এঁর ৬০তম জন্মদিন উদযাপন উপলক্ষে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক কমিশন কার্যালয়ে অস্থায়ীভাবে স্থাপিত শহিদ শেখ রাসেলের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করা হয়। এ সময় কমিশনের চেয়ারপার্সন (রুটিন দায়িত্ব) জনাব সালমা আখতার জাহান, সদস্য জনাব সওদাগর মুস্তাফিজুর রহমান ও জনাব মোঃ হাফিজুর রহমান এবং অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

শ্রদ্ধাঞ্জলি ও দোয়া মাহফিল শেষে অনুষ্ঠিত আলোচনা সভায় অংশ নিয়ে উপস্থিতিবৃন্দ শেখ রাসেল এঁর স্মৃতিচারণ করেন।



বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ-এ স্থাপিত শহিদ শেখ রাসেলের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন




বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক কমিশন কার্যালয়ে অস্থায়ীভাবে স্থাপিত শহিদ শেখ রাসেলের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন

## 8th BRICS International Competition Conference, 2023 এ বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন মহোদয়ের অংশগ্রহণ

১২-১৩ অক্টোবর ২০২৩ তারিখে ভারতের রাজধানী নয়াদিল্লীতে 8th BRICS International Competition Conference অনুষ্ঠিত হয়। ভারতের প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সনের আমন্ত্রণে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী উক্ত কনফারেন্সে অংশগ্রহণ করেন। কনফারেন্সে "Constitutional foundations for the development of competition in Russia and abroad"; “Combating cartels: priorities and future outlook”; “Features of antimonopoly control over mergers and acquisitions in era of economic transformation” বিষয়ে প্যানেল ডিসকাশন হয়। কনফারেন্স চলাকালীন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন ও ভারতের প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সনের মধ্যে সৌহার্দ্যপূর্ণ পরিবেশে একটি দ্বিপাক্ষিক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয় এবং উভয় দেশের মধ্যে প্রতিযোগিতা আইন বাস্তবায়ন বিষয়ে একটি এমওইউ (MoU) স্বাক্ষরের বিষয়ে ঐক্যমত প্রকাশ করা হয়।



দ্বিপাক্ষিক মতবিনিময় সভার পূর্বে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সনের সঙ্গে ভারতের প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন




8th BRICS International Competition Conference এ বক্তব্য রাখছেন কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী

## জেলা প্রশাসন, মুন্সীগঞ্জ ও মুন্সীগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সাথে মতবিনিময় সভা আয়োজন

জেলা প্রশাসন, মুন্সীগঞ্জ এর উদ্যোগে গত ২৫ অক্টোবর ২০২৩ তারিখ 'প্রতিযোগিতা আইন, ২০১২ এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন' বিষয়ে জেলা প্রশাসন, মুন্সীগঞ্জ ও মুন্সীগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সাথে একটি মতবিনিময় সভা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। জনাব মোঃ আবু জাফর রিপন বিপিএএ, জেলা প্রশাসক এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব সালমা আখতার জাহান, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন। উক্ত সভায় আরও উপস্থিত ছিলেন স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সহকারী কমিশনারগণ, জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা কৃষি বিপণন কর্মকর্তা, চেম্বার অব কমাসের্র পরিচালক, মুন্সীগঞ্জ জেলার ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধিবৃন্দ, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধিসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

মতবিনিময় সভায় প্রধান অতিথি পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে প্রতিযোগিতা আইন, ২০১২ এর বিভিন্ন ধারা, কমিশনের দায়িত্ব, ক্ষমতা এবং কার্যক্রম সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে অবহিত করেন। তিনি জানান যে, বাংলাদেশের অব্যাহত উন্নয়ন অগ্রযাত্রায় বর্তমান সরকারের ব্যবসা-বাণিজ্য বান্ধব যুগোপযোগী নীতি কৌশল অনন্য ভূমিকা পালন করছে। ২০০৯ সালে বর্তমান সরকার ক্ষমতা গ্রহণের পর হতে ব্যবসা-বাণিজ্যে এক নতুন যুগের সূচনা হয়েছে। এছাড়াও তিনি কমিশনের গৃহীত কার্যক্রমের উপর সমীক্ষা কার্যক্রম পরিচালনাসহ বিভিন্ন কার্যক্রম উক্ত সভায় তুলে ধরেন।

মতবিনিময় সভা শেষে কমিশনের সদস্য জনাব সালমা আখতার জাহান মুক্তারপুর বাজার পরিদর্শন করেন। এ সময় বাজার কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।





মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন কমিশনের সদস্য জনাব সালমা আখতার জাহান

## 'স্মার্ট বাংলাদেশ' বিষয়ক অভ্যন্তরীণ প্রশিক্ষণ

'স্মার্ট বাংলাদেশ' বিষয়ে ০৫ ডিসেম্বর ২০২৩ তারিখে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে এক সেমিনার আয়োজন করা হয়। কমিশনের সভাকক্ষে আয়োজিত এ সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী। এছাড়া কমিশনের সদস্য জনাব সালমা আখতার জাহান, জনাব সওদাগর মুস্তাফিজুর রহমান, জনাব মোঃ হাফিজুর রহমান এবং অন্যান্য কর্মকর্তা/কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। প্রশিক্ষণ সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন জনাব আবু সালেহ মোঃ মাহফুজুল আলম, কনসালটেন্ট (উপসচিব), এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম। স্মার্ট বাংলাদেশের গুরুত্ব, ভিশন ২০৪১,

ডিজিটাল বাংলাদেশের অর্জন, স্মার্ট বাংলাদেশের প্রস্তুতি, পথচলা ও স্তম্ভসমূহ, লক্ষ্যমাত্রা, বাস্তবায়নের সক্ষমতা, চ্যালেঞ্জ, ই-গভর্নেন্স, স্মার্ট গভর্নেন্স, চতুর্থ শিল্প বিপ্লব ইত্যাদি বিষয়ে প্রবন্ধকার বিস্তারিত তথ্য/উপাত্ত সেমিনারে তুলে ধরেন।



স্মার্ট বাংলাদেশ বিষয়ক অভ্যন্তরীণ সেমিনারে বক্তব্য রাখছেন কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী

## ‘বিশ্ব প্রতিযোগিতা দিবস’ উদযাপন উপলক্ষে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে আলোচনা সভা আয়োজন

০৫ ডিসেম্বর ২০২৩ ‘বিশ্ব প্রতিযোগিতা দিবস’ উদযাপন উপলক্ষে কমিশনের সভাকক্ষে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী। এছাড়াও সভায় উপস্থিত ছিলেন কমিশনের সদস্য জনাব সালমা আখতার জাহান, জনাব সওদাগর মুস্তাফিজুর রহমান, জনাব মোঃ হাফিজুর রহমান এবং কমিশনের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। “Prioritising Socially Sensitive Sectors” প্রতিপাদ্য নিয়ে উদযাপিত ‘বিশ্ব প্রতিযোগিতা দিবস’ বিষয়ক অনুষ্ঠিত আলোচনা সভায় বিশ্বব্যাপী প্রতিযোগিতার উপর গুরুত্বারোপ করে একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন কমিশনের সদস্য জনাব মোঃ হাফিজুর রহমান। দিবসটি সরকারিভাবে উদযাপনের বিষয়ে প্রস্তাবনা প্রেরণ করার জন্য সভায় মতামত ব্যক্ত করা হয়।




‘বিশ্ব প্রতিযোগিতা দিবস’ উদযাপন উপলক্ষে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে আয়োজিত আলোচনা সভা

## ‘স্মার্ট বাংলাদেশ দিবস’ উদযাপন উপলক্ষে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে আলোচনা সভা আয়োজন

১২ ডিসেম্বর ২০২৩ ‘স্মার্ট বাংলাদেশ দিবস’ উদযাপন উপলক্ষে কমিশনের সভাকক্ষে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী। এছাড়াও সভায় উপস্থিত ছিলেন কমিশনের সকল সদস্য এবং

সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। স্মার্ট বাংলাদেশ বিষয়ক একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন কমিশনের সহকারী পরিচালক জনাব নূর উদ্দিন যোবায়ের। ডিজিটাল অর্থনীতি বাস্তবায়নের মাধ্যমে বাজারে প্রতিযোগিতাপূর্ণ পরিবেশ নিশ্চিত করায় কমিশনের গুরুত্ব রয়েছে মর্মে আলোচনা সভায় মতামত ব্যক্ত করা হয়।





'স্মার্ট বাংলাদেশ দিবস' উদযাপন উপলক্ষে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে আয়োজিত আলোচনা সভা

## 'অনুসন্ধান ও তদন্ত' কার্যক্রম বিষয়ে প্রতিযোগিতা কমিশনে ইন-হাউজ প্রশিক্ষণ আয়োজন

১৮ ডিসেম্বর ২০২৩ তারিখ রোজ সোমবার বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী এঁর সভাপতিত্বে কমিশনের সভাকক্ষে 'অনুসন্ধান ও তদন্ত কার্যক্রম' বিষয়ের উপর এক ইন-হাউজ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে সকল সদস্যবৃন্দ এবং সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। প্রশিক্ষণে জনাব মোঃ মেহেদি হাসান, উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, গাজীপুর জেলা কার্যালয় রিসোর্সপার্সন হিসেবে অনুসন্ধান ও তদন্ত কার্যক্রম বিষয়ের ওপর বিশদ বক্তব্য উপস্থাপন করেন। অনুসন্ধান ও তদন্ত কৌশল, তথ্যের উৎস ও ধরন, সংগ্রহ পদ্ধতি, সাক্ষাৎকার ও জবানবন্দি গ্রহণ পদ্ধতি, তথ্য-উপাত্ত বিশ্লেষণ, বিশেষজ্ঞদের সহযোগিতা, নজরদারি, নথি পরীক্ষা ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণার্থীদেরকে আইন ও বিধির আলোকে প্রশিক্ষণ প্রদান করা হয়।





'অনুসন্ধান ও তদন্ত' কার্যক্রম বিষয়ে প্রতিযোগিতা কমিশনে আয়োজিত ইন-হাউজ প্রশিক্ষণ

## পেঁয়াজের বাজার পরিস্থিতি সরেজমিন পরিদর্শনের জন্য চট্টগ্রামের খাতুনগঞ্জ পাইকারী বাজার পরিদর্শন

২০২৩ সালের ডিসেম্বর মাসের প্রথম সপ্তাহ থেকে পেঁয়াজের দাম হঠাৎ অস্বাভাবিক হারে বৃদ্ধি পেতে আরম্ভ করে। এ বিষয়ে জাতীয় দৈনিকগুলোতে একাধিক রিপোর্ট প্রকাশিত হয়। পেঁয়াজের এই অস্বাভাবিক দাম বৃদ্ধিতে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন পেঁয়াজের

বাজার সরেজমিন পরিদর্শনের সিদ্ধান্ত গ্রহণ করে। সে প্রেক্ষিতে গত ১২ ডিসেম্বর ২০২৩ তারিখ চট্রগ্রাম মহানগরীর খাতুনগঞ্জ পেঁয়াজের বাজার পরিদর্শন এবং সংশ্লিষ্ট তথ্য-উপাত্ত সংগ্রহের জন্য কমিশনের সদস্য জনাব সওদাগর মুস্তাফিজুর রহমান, সদস্য জনাব মোঃ হাফিজুর রহমান ও সহকারী পরিচালক জনাব মোঃ সাজেদুর রহমানকে দায়িত্ব প্রদান করা হয়। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ কর্তৃক গত ১৩ ডিসেম্বর ২০২৩ তারিখে চট্রগ্রামের খাতুনগঞ্জ পেঁয়াজের বাজার পরিদর্শন, স্থানীয় ব্যবসায়ীগণের সাথে মতবিনিময় সভা, চট্রগ্রাম জেলা প্রশাসক মহোদয়ের সাথে সংশ্লিষ্ট বাজার সম্পর্কে সভা এবং চট্রগ্রাম চেম্বার অব কমার্সের সাথে মতবিনিময়সহ বিবিধ কার্যক্রম পরিচালনা করেন। বাজার পরিদর্শনকালে পেঁয়াজের মজুত, সরবরাহ ও বাজার পরিস্থিতি, আমদানিকারক  এবং আড়তদার কর্তৃক পেঁয়াজের দাম অস্বাভাবিক হারে বৃদ্ধি পেয়েছে কিনা তা যাচাই করা হয়।




মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন কমিশনের সদস্য জনাব মোঃ হাফিজুর রহমান



পেঁয়াজের বাজার পরিস্থিতি সরেজমিনে পরিদর্শন করছেন কমিশনের সদস্য জনাব সওদাগর মুস্তাফিজুর রহমান এবং জনাব মোঃ হাফিজুর রহমান

## ‘অনুসন্ধান ও তদন্ত প্রক্রিয়া, কারখানা/গুদাম পরিদর্শন এবং স্মার্ট প্রতিবেদন দাখিল’ বিষয়ে প্রতিযোগিতা কমিশনে ইন-হাউজ প্রশিক্ষণ আয়োজন

২০ ডিসেম্বর ২০২৩ তারিখ বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী এঁর সভাপতিত্বে কমিশনের সভাকক্ষে ‘অনুসন্ধান ও তদন্ত প্রক্রিয়া, কারখানা/গুদাম পরিদর্শন এবং স্মার্ট প্রতিবেদন দাখিল’ বিষয়ের ওপর অর্ধ দিবসব্যাপী এক ইন-হাউজ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে সকল সদস্যবৃন্দ এবং সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। প্রশিক্ষণে জনাব মোঃ আতিকুজ্জামান (পিপিএম) অতিরিক্ত পুলিশ সুপার, পুলিশ হেডকোয়ার্টার, ঢাকা,  রিসোর্সপার্সন হিসেবে ‘অনুসন্ধান ও তদন্ত প্রক্রিয়া, কারখানা/গুদাম পরিদর্শন এবং স্মার্ট প্রতিবেদন দাখিল’ বিষয়ের ওপর বিশদ বক্তব্য উপস্থাপন করেন। প্রশিক্ষণে তদন্তের পটভূমি, তদন্তের সংজ্ঞা, অনুসন্ধান এর সংজ্ঞা, তদন্তের উদ্দেশ্য, তদন্তকারী অফিসারের বৈশিষ্ট্য, তদন্তের বিষয়বস্তু, তদন্তের প্রকারভেদ, তদন্তের অবরোহী পদ্ধতি, তদন্ত প্রক্রিয়া, তদন্তের ফ্লো- চার্ট, তদন্তকালীন কর্তব্য প্রভৃতি বিষয় বিস্তারিত আলোচনা করা হয় ।






‘অনুসন্ধান ও তদন্ত প্রক্রিয়া, কারখানা/গুদাম পরিদর্শন এবং স্মার্ট প্রতিবেদন দাখিল’ বিষয়ে প্রতিযোগিতা কমিশনে আয়োজিত ইন-হাউজ প্রশিক্ষণ

## দেশবন্ধু পলিমার লিঃ এবং দেশবন্ধু সুগার মিলস্ লিঃ, দেশবন্ধু ফুড এ্যান্ড বেভারেজ লিঃ ও দেশবন্ধু প্যাকেজিং লিঃ এর জোটবদ্ধতা বিষয়ে সভা

দেশবন্ধু পলিমার লি: এবং দেশবন্ধু সুগার মিলস লি:, দেশবন্ধু ফুড এন্ড বেভারেজ লি: ও দেশবন্ধু প্যাকেজিং লি: এর জোটবদ্ধতা বিষয়ে প্রতিযোগিতা আইন, ২০১২ এর আলোকে কমিশনের সভাকক্ষে ২০ ডিসেম্বর ২০২৩ তারিখে এক সভা অনুষ্ঠিত হয়। কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় কমিশনের সদস্যবৃন্দ, দেশবন্ধু গ্রুপের উপদেষ্টা ও এমডি এবং কমিশনের অন্যান্য কর্মকর্তা/কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন এবং প্রতিযোগিতা আইন, ২০১২ এর ২১ ধারার বিধান সম্পর্কে সকলকে অবহিত করেন। তিনি দেশবন্ধু পলিমার লি: এবং দেশবন্ধু সুগার মিলস লি:, দেশবন্ধু ফুড এন্ড বেভারেজ লি: ও দেশবন্ধু প্যাকেজিং লি: এর জোটবদ্ধতা বিষয়ে উক্ত ২১ ধারার আলোকে বক্তব্য প্রদানের জন্য আহবান জানালে দেশবন্ধু গ্রুপের এমডি জনাব গোলাম রহমান লিখিত বক্তব্য পেশ করেন।

দেশবন্ধু গ্রুপের লিখিত বক্তব্যে বলা হয়েছে, তাদের প্রস্তাবিত মার্জার স্কিমের আওতায় প্রতিটি কোম্পানি নিজ নিজ প্রাতিষ্ঠানিক অস্তিত্ব ও সক্রিয়তা বজায় রেখে ব্যবসা পরিচালনা করবে। দেশবন্ধু পলিমার লিমিটেড এর ব্যবসা সম্প্রসারণে মূলধন সহায়তা বাড়ানোর লক্ষ্যে অন্য ০৩টি কোম্পানির উদ্যোক্তাগণের শেয়ারের মালিকানা পুনর্গঠন করা হবে। উক্ত প্রস্তাবিত মূলধন পুনর্গঠন কোনভাবেই Business Combination নয় এবং কোনো মতেই দেশের কোনো পণ্য বা সেবা খাতের প্রতিযোগিতাকে প্রভাবিত করবে না।





দেশবন্ধু পলিমার লিঃ এবং দেশবন্ধু সুগার মিলস্ লিঃ, দেশবন্ধু ফুড এ্যান্ড বেভারেজ লিঃ ও দেশবন্ধু প্যাকেজিং লিঃ এর জোটবদ্ধতা বিষয়ে কমিশনে আয়োজিত সভা

## ‘প্যানেল ডিসকাশন পদ্ধতিতে ‘বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে চলমান মামলার ক্ষেত্রে সুনির্দিষ্ট অনুসন্ধান ও তদন্ত, উচ্চ আদালতের নিষেধাজ্ঞা/উকিল নোটিশ, দফা ওয়ারি জবাব (এস এফ) প্রস্তুত’ বিষয়ের ওপর অর্ধ দিবসব্যাপী ইন-হাউজ প্রশিক্ষণ আয়োজন

২৪ ডিসেম্বর ২০২৩ তারিখ বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী এঁর সভাপতিত্বে কমিশনের সভাকক্ষে ‘প্যানেল ডিসকাশন পদ্ধতিতে ‘বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে চলমান মামলার ক্ষেত্রে সুনির্দিষ্ট অনুসন্ধান ও তদন্ত, উচ্চ আদালতের নিষেধাজ্ঞা/উকিল নোটিশ, দফা ওয়ারি জবাব (এস এফ) প্রস্তুত’ বিষয়ের ওপর অর্ধ দিবসব্যাপী এক ইন-হাউজ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে সকল সদস্যবৃন্দ এবং সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। প্রশিক্ষণে জনাব পরিমল কুমার দেব, অবসরপ্রাপ্ত অতিরিক্ত সচিব, এডভোকেট, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, জনাব জাহাঙ্গীর হোসেন (ব্যারিস্টার এট ‘ল’), সিনিয়র এডভোকেট, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, জনাব শান্তনু দেব (ব্যারিস্টার এট ‘ল’), এডভোকেট, বাংলাদেশ সুপ্রিম কোর্ট রিসোর্সপার্সন হিসেবে ‘প্যানেল ডিসকাশন পদ্ধতিতে’ ‘বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে চলমান মামলার ক্ষেত্রে সুনির্দিষ্ট অনুসন্ধান ও তদন্ত, উচ্চ আদালতের নিষেধাজ্ঞা/উকিল নোটিশ, দফা ওয়ারি জবাব (এস এফ) প্রস্তুত’ বিষয়ের ওপর বিশদ বক্তব্য উপস্থাপন করেন। প্রশিক্ষণে তদন্তের পটভূমি, তদন্তের সংজ্ঞা, অনুসন্ধান এর সংজ্ঞা, তদন্তের উদ্দেশ্য, তদন্তকারী অফিসারের বৈশিষ্ট্য, তদন্তের বিষয়বস্তু, তদন্তের

প্রকারভেদ, তদন্তের অবরোহী পদ্ধতি, তদন্ত প্রক্রিয়া, তদন্তের ফ্লো- চার্ট, তদন্তকালীন কর্তব্য, উচ্চ আদালতের নিষেধাজ্ঞা/উকিল নোটিশ, দফা ওয়ারি জবাব (এস এফ) প্রস্তুত প্রভৃতি বিষয় বিস্তারিত আলোচনা করা হয়।




'প্যানেল ডিসকাশন পদ্ধতিতে 'বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে চলমান মামলার ক্ষেত্রে সুনির্দিষ্ট অনুসন্ধান ও তদন্ত, উচ্চ আদালতের নিষেধাজ্ঞা/উকিল নোটিশ, দফা ওয়ারি জবাব (এস এফ) প্রস্তুত' বিষয়ের ওপর আয়োজিত ইন-হাউজ প্রশিক্ষণ

## মামলা নিষ্পত্তি: পারস্পরিক যোগসাজশের মাধ্যমে অস্বাভাবিকভাবে ব্রয়লার মুরগির মূল্য বৃদ্ধি করায় কাজী ফার্মস লিমিটেড-কে প্রশাসনিক অর্থদণ্ডারোপ

বিগত ০৯ অক্টোবর ২০২৩ তারিখে সমধর্মীয় অন্যান্য প্রতিষ্ঠানের সাথে যোগসাজশের মাধ্যমে পরোক্ষভাবে ০৫ আগস্ট ২০২২ হতে ২০ আগস্ট ২০২২ সময়কালে কাজী ফার্মস লিমিটেড তাদের উৎপাদিত ব্রয়লার মুরগির বিক্রয়মূল্য অস্বাভাবিকভাবে বৃদ্ধি করে এবং একই প্রক্রিয়ায় তাদের উৎপাদিত ব্রয়লার মুরগির সরবরাহ এবং বাজার ব্যবস্থাকে নিয়ন্ত্রণ করেছে যা প্রতিযোগিতা আইন, ২০১২ এর ধারা ১৫ এর উপ-ধারা (২) এর দফা (ক) এর উপ-দফা (অ) এবং দফা (খ) এর লঙ্ঘন প্রমাণিত হওয়ায় কাজী ফার্মস লিমিটেড, আহমদ এন্ড কাজী টাওয়ার, ৩৫, ধানমন্ডি, সড়ক নং-২, ঢাকা ১২০৫ কে প্রতিযোগিতা আইন, ২০১২ এর ধারা ২০ এর উপ-ধারা (ক) এর দফা (আ) মোতাবেক নির্দেশনাসহ ০৫ (পাঁচ) কোটি টাকা প্রশাসনিক অর্থদন্ডে দন্ডিত করা হয়।

## পারস্পরিক যোগসাজশের মাধ্যমে অস্বাভাবিকভাবে ব্রয়লার মুরগির মূল্য বৃদ্ধি করায় সাগুনা ফুডস এন্ড ফিডস বাংলাদেশ প্রাইভেট লিমিটেড-কে প্রশাসনিক অর্থদণ্ডারোপ

বিগত ০৯ অক্টোবর ২০২৩ তারিখে সমধর্মীয় অন্য কোনো প্রতিষ্ঠানের সাথে যোগসাজশের মাধ্যমে পরোক্ষভাবে ০৫ আগস্ট ২০২২ হতে ২০ আগস্ট ২০২২ সময়কালে সাগুনা ফুডস এন্ড ফিডস বাংলাদেশ প্রাইভেট লিমিটেড তাদের উৎপাদিত ব্রয়লার মুরগির বিক্রয়মূল্য অস্বাভাবিকভাবে বৃদ্ধি করে এবং একই প্রক্রিয়ায় তাদের উৎপাদিত ব্রয়লার মুরগির সরবরাহ এবং বাজার ব্যবস্থাকে নিয়ন্ত্রণ করে যা প্রতিযোগিতা আইন, ২০১২ এর ধারা ১৫ এর উপ-ধারা (২) এর দফা (ক) এর উপ-দফা (অ) এবং দফা (খ) এর লঙ্ঘন প্রমাণিত হওয়ায় সাগুনা ফুডস এন্ড ফিডস বাংলাদেশ প্রাইভেট লিমিটেডকে প্রতিযোগিতা আইন, ২০১২ এর ধারা ২০ এর উপ-ধারা (ক) এর দফা (আ) মোতাবেক নির্দেশনাসহ ০৩ (তিন) কোটি ৪৪ (চুয়াল্লিশ) লক্ষ টাকা প্রশাসনিক অর্থদন্ডে দন্ডিত করা হয়।

**প্রকাশনায়ঃ**
**বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন**
**৩৭/৩/এ, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০**
ফোন: +৮৮০২-৫৮৩১৫৪৮৫, ফ্যাক্স: +৮৮০২-৫৮৩১৫৪৯৭
ই-মেইল: secretary.ccb2012@gmail.com
প্রকাশকাল: জুন, ২০২৩

**উপদেষ্টা পরিষদ**

**প্রদীপ রঞ্জন চক্রবর্তী**
চেয়ারপার্সন ও সভাপতি
উপদেষ্টা পরিষদ

**সালমা আখতার জাহান**
সদস্য

**সওদাগর মুস্তাফিজুর রহমান**
সদস্য

**সম্পাদনা পরিষদ**

**মোঃ হাফিজুর রহমান**
সদস্য ও আহ্বায়ক
সম্পাদনা পরিষদ

**নূরউদ্দীন যোবায়ের**
সহকারী পরিচালক